গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-২৫৪

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৪ / ২৩ এপ্রিল ২০১৭

বিষয়ঃ বেসরকারি মুন্নু নার্সিং কলেজ, মানিকগঞ্জ-এ বিএসসি নার্সিং ও পোস্ট বেসিক নার্সিং কোর্স চালুর অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৬-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নীতি নির্ধারণী কমিটির সভার সুপারিশ অনুসরণে নিম্নোক্ত বেসরকারি নার্সিং কলেজ-এ বিএসসি নার্সিং ও পোস্ট বেসিক নার্সিং কোর্স চালুর অনুমোদন বর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্র:নং | প্রতিষ্ঠানের নাম | শিক্ষাবর্ষ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১. | বেসরকারি মুন্নু নার্সিং কলেজ, মানিকগঞ্জ । | ২০১৬-১৭ শিক্ষাবর্ষ । | ০৪ বছর মেয়াদি বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সে ৪০ (চল্লিশ)টি এবং পোস্ট বেসিক বিএসসি ইন নার্সিং কোর্সে ৩০ (ত্রিশ)টি আসন বরাদ্দ করা হলো । |

শর্তাবলীঃ

১. ০৭ টি ল্যাবে আরও প্রয়োজনীয় উপকরনাদি দ্বারা সমৃদ্ধকরতে হবে । শিক্ষার্থী অনুপাতে কম্পিউটার বৃদ্ধি করতে হবে।
২. সকল নিয়োগ লিখিত পত্র দ্বারা সম্পন্ন করতে হবে যাতে অবশ্যই চাকুরীর শর্তাবলী ও বেতন-স্কেল উল্লেখ থাকবে কোন ক্রমেই সরকারি বেতন কাঠামোর চেয়ে কম বেতন প্রদান করা যাবেনা। নিয়োগপত্রের অনুলিপি বিএনসিতে প্রেরণ করতে হবে।
৩. শিক্ষার্থী ও শিক্ষকগণের অধ্যয়নের জন্য পাঠাগার সমৃদ্ধ করতে হবে এতে কারিকুলামভূক্ত পাঠ্যবই, নার্সিং বিষয়ক দেশি-বিদেশি বই, প্রয়োজনীয় অন্যান্য বই, সাময়িকী, জার্নাল, পত্রিকা ও আসবাবপত্র পর্যাপ্ত পরিমাণ থাকতে হবে। ক্যাম্পাসে খেলাধুলা এবং সুষ্ঠু বিনোদনের ব্যবস্থা রাখতে হবে।
৪. নীতিমালা অনুযায়ী ভর্তির ক্ষেত্রে ও অধ্যয়নরত শিক্ষার্থীর জন্য মেধাবৃত্তি ও গরীব শিক্ষার্থীদের আর্থিক সুযোগ-সুবিধা বাস্তবায়ন করতে হবে।
৫. ছাত্রীদের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র ও নিরাপত্তাসহ হোস্টেল ব্যবস্থা নিশ্চিত করতে হবে।
৬. কর্মরত সকল নার্স-শিক্ষকদের রেজিস্ট্রেশন হালনাগাদ থাকতে হবে।
৭. শতকরা ২০ জনের বেশি পুরুষ শিক্ষার্থী ভর্তি করা যাবে না।
৮. ভর্তি এবং সেমিস্টার ফাইনাল পরীক্ষায় বিএনসির প্রতিনিধি রাখা নিশ্চিত করতে হবে।
৯. নীতিমালা অনুযায়ী দেশের দরিদ্র, মেধাবী ও যোগ্যতাসম্পন্ন ছাত্র- ছাত্রীদের জন্য সংরক্ষিত ৫% আসন রক্ষা করতে হবে।

২। ছাত্র-ছাত্রী ভর্তির পর বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্ধারিত ফি প্রদানপূর্বক উক্ত কাউন্সিলের নিবন্ধন ও অধিভুক্তি গ্রহণ/নবায়ন করতে হবে।

(মো: আবদুল মান্নান )
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ
বেসরকারি মুন্নু নার্সিং কলেজ,
মানিকগঞ্জ ।

Approval of Private Nursing Ins-২০১৭.E drive

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-১৫৪৫ (৮)

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৪
২৩ এপ্রিল ২০১৭

**অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিভিল সার্জন, --------------------।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মোঃ আবদুল মান্নান)
সহকারী সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য সেবা বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
(নার্সিং শাখা)
www.mohfw.gov.bd

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-২২৫

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৪ / ২৩ এপ্রিল ২০১৭

বিষয়ঃ পূর্বানুমোদিত বেসরকারি ইউনাইটেড কলেজ অব নার্সিং, গুলশান, ঢাকা এর মেয়াদ / আসন বৃদ্ধির অনুমোদন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৬-২০১৬ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নীতি নির্ধারণী কমিটির সভার সুপারিশ অনুসরণে পূর্বানুমোদিত নিম্নোক্ত বেসরকারি নার্সিং কলেজ এর ইতোপূর্বে অনুমোদিত আসন সংখ্যা ও মেয়াদ বৃদ্ধির অনুমোদন বর্ণিত শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো:

| ক্র:নং | প্রতিষ্ঠানের নাম | শিক্ষাবর্ষ | আসন সংখ্যা |
|---|---|---|---|
| ১. | ইউনাইটেড কলেজ অব নার্সিং, গুলশান, ঢাকা। | ২০১৬-২০১৭ | বিএসসি- পূর্বের ৪০টি আসনের সাথে ১০টি বৃদ্ধি করে ৫০ (পঞ্চাশ)টি এবং পোস্ট বেসিক বিএসসি- পূর্বের ২০টি আসনের সাথে ২০টি বৃদ্ধি করে ৪০ (চল্লিশ)টি আসন বরাদ্দ করা হলো। |

শর্তাবলীঃ

১। ইতোপূর্বে প্রদত্ত শর্তাবলী যথাযথভাবে মেনে চলতে হবে;

২। শিক্ষার্থী ভর্তি পরীক্ষা ও অন্যান্য পরীক্ষায় বিএনসি'র প্রতিনিধি নিশ্চিত করতে হবে;

৩। লাইব্রেরীতে নার্সিং বিষয়ক দেশী-বিদেশী বই, ম্যাগাজিন, পত্রিকা এবং জার্নালের সংখ্যা বৃদ্ধি করতে হবে; এবং

৪। বর্তমানে নিযুক্ত শিক্ষকদের অব্যাহতি/চাকুরীচ্যুতি অথবা কোন পরিবর্তন সম্পর্কে কাউন্সিলকে নিয়মিত অবহিত করতে হবে।

২। ছাত্র-ছাত্রী ভর্তির পর বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের নির্ধারিত ফি প্রদানপূর্বক উক্ত কাউন্সিলের নিবন্ধন ও অধিভুক্তি গ্রহণ/নবায়ন করতে হবে।

২৩/৪/১৭

(মো: আবদুল মান্নান )
সহকারী সচিব
ফোন ঃ ৯৫৪৫৭৭৯

অধ্যক্ষ
ইউনাইটেড কলেজ অব নার্সিং
গুলশান, ঢাকা।

Approval of Private Nursing Ins-২০১৭.E drive

নং-৪৫.১৫৮.১১০.০০.০০.০২৯.২০১৫-২০৫/১(৮)

তারিখঃ ১০ বৈশাখ ১৪২৪ / ২৩ এপ্রিল ২০১৭

<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):</u>

১। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর নার্সিং কলেজ একাডেমিক ভবন, শেরে বাংলা নগর, ঢাকা।

২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। সিভিল সার্জন, ---------------------।

৪। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৫। সচিব এর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ/স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৬। সিস্টেম এ্যানালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।

৭। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ২০৩ শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয় নগর, ঢাকা। এ সংক্রান্ত মন্ত্রণালয়ের ১২-০৭-২০০৯ খ্রিঃ তারিখের নীতিমালার ৫.৬ অনুচ্ছেদ অনুযায়ী কাউন্সিলের নিবন্ধন ও প্রচলিত নিয়মানুযায়ী পরবর্তী অন্যান্য কার্যক্রম গ্রহণসহ বর্ণিত প্রতিষ্ঠানসমূহ পরিদর্শনের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।

৮। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি)/যুগ্মসচিব (নার্সিং) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব ও যুগ্মসচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

২৩/৪/১৭

(মোঃ আবদুল মান্নান)
সহকারী সচিব